

30 মে, 2020

প্রিয় পরিবারবর্গ,

এই সদা-বিবর্ধনশীল সঙ্কটে সাড়াদানে আপনার অব্যাহত ধৈর্য এবং নমনীয়তার জন্য আপনাকে ধন্যবাদ। স্কুল ক্যালেন্ডারে বছর শেষ হবার পথে আমরা আপনাদের কিছু গুরুত্বপূর্ণ আপডেট এবং অনুস্মারক (রিমাইন্ডার) শেয়ার করতে লিখছি।

জুন মাসে দুই দিন আসছে যে-দিনগুলোতে শিক্ষার্থীদের উপস্থিত হতে হবে না হিসেবে পূর্বে সময়সূচি করা হয়েছিল। কিন্তু, চলমান মহামারীর কারণে, শিক্ষার্থীর উল্লিখিত উভয় দিনই রিমোট লার্নিংয়ে অংশগ্রহণ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে:

- বৃহস্পতিবার 4 জুন মূলত ব্রুকলিন/কুইন্স দিবসের (অ্যানিভার্সারি ডে হিসেবেও পরিচিত) জন্য সকল শিক্ষার্থীদের জন্য একটি ছুটির দিন হিসেবে ধার্য করা ছিল।
- মঙ্গলবার, 9 জুন মূলত ডিস্ট্রিক্ট 75 স্কুল ও প্রোগ্রামগুলোর পাশাপাশি K-8 গ্রেডের সকল শিক্ষার্থীদের জন্য একটি ছুটির দিন হিসেবে ধার্য করা ছিল।

4 জুন, সকল শিক্ষার্থীরা স্বাধীনভাবে কাজ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে কারণ সকল স্টাফ সেদিন পেশাদারী উন্নয়নে সম্পৃক্ত হবেন। 4 জুন শিক্ষকগণ শিক্ষার্থীদের সাথে সম্পৃক্ত হবেন না বলে প্রত্যাশিত; এর পরিবর্তে, ঐ দিন স্বাধীনভাবে শিক্ষার্থীরা কাজ করার জন্য স্কুল আগে থেকেই প্রস্তুত করে রাখবে।

9 জুন, যেসব শিক্ষার্থী কোনো স্কুলে K-8 গ্রেডে, অথবা কোনো ডিস্ট্রিক্ট 75 স্কুলে পড়ছে, তাদের স্বাধীনভাবে কাজ করবে বলে প্রত্যাশিত, কারণ ঐ দিন শিক্ষকগণ পুনঃসংগঠনমূলক কাজে সম্পৃক্ত হবেন। 9 জুন এই স্কুলগুলো শিক্ষার্থীদের সাথে সম্পৃক্ত হবেন। গর্না বলে প্রত্যাশিত; এর পরিবর্তে, ঐ দিন স্বাধিনভাবে শিক্ষার্থীরা কাজ করার জন্য স্কুল আগে থেকেই প্রস্তুত করে রাখবে।

আপনার সন্তানের জন্য স্কুলের সময়সূচি সংক্রান্ত বিষয়ে যদি কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থেকে থাকে, তাহলে অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

মনে করিয়ে দিচ্ছি যে, 26 জুন হচ্ছে স্কুলের শেষ দিন এবং সকল শিক্ষার্থীর অর্ধ-দিবস স্কুল। পরিবারদের জন্য আসন্ন সপ্তাহগুলোতে 2019-20 স্কুল বছর শেষ হওয়া সংক্রান্ত অতিরিক্ত নির্দেশনা প্রদান করবো।

আমদের এই অবিরত অপরিজ্ঞাত পরিস্থিত মোকাবেলায় আপনার অংশীদারীত্বের জন্য আপনাকে ধন্যবাদ। আমি প্রায়ই বলি যে আমাদের বিশ্বের সবচেয়ে সেরা শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবার রয়েছে। আপনারা এবং আপনাদের সন্তানেরা অব্যাহতভাবে তা প্রমাণ করে যাচ্ছেন, প্রতিদিন। একসাথে, আমরা অব্যাহতভাবে এই ঝড় মোকাবেলা করবো।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যাক্সেল্ব

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন